সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

# বিজ্ঞপ্তি

তারিখ: ০৯/০৬/২০২৪ খ্রি.

## বিষয়: ২০২২ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ।

এতদ্বারা ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স-৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফরম পূরণ ০৯/০৬/২০২৪ হতে ০৪/০৭/২০২৪ তারিখ পর্যন্ত ফরমপূরণ চলবে।

## ফরম পূরণ প্রক্রিয়া ঃ

শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/formfillup) এ গিয়ে Apply to Online Form Fill up (For Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করে ফরম ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে ফরমপূরণের নির্ধারিত টাকা অনলাইন মোবাইল ব্যাংকিং "বিকাশ/নগদ/রকেট/উপায়"-এর মাধ্যমে জমা দিয়ে অনলাইন পেমেন্ট রশিদসহ আবেদন ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র (এক সেট) কলেজের মূল ভবনের পিছনের কাউন্টারে অবশ্যই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন সুযোগ নাই।

- আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময় - সময় সকাল ১০:০০ টা হতে দুপুর- ১:৩০ মি: পর্যন্ত।
- ফরম পূরণ কমিটি বসবে: কলা ভবন চত্বর।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

**ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) ঃ**

i) ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) ঃ**

i) ২০১৬-২০১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৬-২০১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iv) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২১ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

**ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন) ঃ**

i) ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ২০১৫-২০১৬ এবং ২০১৬ (প্রাইভেট) শিক্ষাবর্ষের এ ধরণের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লিখিত শর্তে শুধুমাত্র ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে।

উভয় ক্ষেত্রেই রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মানোন্নয়ন অংশগ্রহণের সুযোগ পাবে না। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

(প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) ঃ

ক) ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার নির্ধারিত ফিসের বিবরণ:

| ক্রমিক নম্বর | বিষয় / কোর্স | বেতন ও সেশন চার্জ | পরীক্ষা, কেন্দ্র ও অন্যান্য ফি | সর্বমোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ডিগ্রি পাস-৩য় বর্ষ (৭০০ নম্বর)-নিয়মিত ও অনিয়মিত (ইতোপূর্বে পরীক্ষা দেয়নি) বিএ/বিএসএস/বিবিএস | ৩,০১১/- | ২,১০০/- | ৫,১১১/- |
| ২. | ডিগ্রি পাস-৩য় বর্ষ (৭০০ নম্বর)-নিয়মিত ও অনিয়মিত (ইতোপূর্বে পরীক্ষা দেয়নি) বিএসসি | ৩,১১১/- | ৩,৩৫৫/- | ৬,৪৬৬/- |
| ৩. | ডিগ্রি পাস-৩য় বর্ষ প্রাইভেট | | | ২,৬৫০/- |
| ৪. | ডিগ্রি পাস ৩য় বর্ষ (২০০ নম্বর) সার্টিফিকেট কোর্স | | | ১,৫০০/- |
| ৫. | Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ফি (এক পত্র) | | | ১,৬০০/- |
| ৬. | ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৬ সালের (প্রাইভেট) যে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই বিশেষ বিবেচনায় তাদের জন্য | | | ৫,৫০০/- |
| ৭. | ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উর্ত্তীণ কিন্তু ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের এবং ২০১৬ সালের (প্রাইভেট) শিক্ষাবর্ষের এ ধরণের শিক্ষার্থীগণ ফরমপূরণ করতে পারবে | | | ৬,৫০০/- |
| ৮. | গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন (এক পত্র) | | | ৯০০/- |
| বি. দ্র. গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদের একপত্রে লাগবে ৯০০/- টাকা এবং এক এর অধিক পত্র হলে প্রতি পত্রের জন্য ১০০/- টাকা হারে যোগ করতে হবে। | | | | |

## ফরমপূরণ এর ফি প্রদান প্রক্রিয়া ঃ

ফরমপূরণ এর নির্ধারিত ফি ডিজিটাল লেনদেন "বিকাশ/নগদ/রকেট/উপায়" এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

bKASH > EDUCATION FEE > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Regi: No) > TK > PAID

Or

NAGAD > BILL PAY > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Regi: No) > TK > PAID

Or

ROCKET > BILL PAY > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Regi: No) > TK > PAID

Or

Upay > EDUCATION > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Regi: No) > TK > PAID

### আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে:

(ক) শিক্ষার্থীর আবেদন ফরম, রেজিস্ট্রেশন কার্ড এর ফটো:কপি এবং অনলাইনে ফি প্রদানের মানি রিসিট ফরম এর সাথে অবশ্যই যুক্ত করতে হবে।

(খ) আবেদন ফরম পূরণের সময় সম্ভাব্য শিক্ষার্থী তালিকায় প্রদত্ত বিষয় কোড ব্যবহার করতে হবে।

(গ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা আটকিয়ে দিতে হবে।

বি: দ্রঃ ফরমপূরণ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই কলেজের সাধারণ শাখায় জমা দিতে হবে। উক্ত কাগজপত্র জমা না দিলে ফরমপূরণ সংক্রান্ত কোনো জটিলতা দেখা দিলে অথবা ফরমপূরণ বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(প্রফেসর বিমল চন্দ্র দাস)
অধ্যক্ষ